

সি. ২০২৩
সি. ২০২৩
২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পলিসি সাপোর্ট অধিশাখা

শেখ হাসিনার স্মৃতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৮৬.৯৯.৫৬.২০২৩-৬৮০

তারিখ: ০৩ কার্তিক ১৪৩০
১৯ অক্টোবর ২০২৩

বিষয়: দেশব্যাপী ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩ পালন।

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ২০২১ সালে “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা” প্রণয়ন করা হয়। এ নির্দেশিকার অনুলিপি ৬.৩-এ প্রত্যেক জেলা পর্যায়ে সপ্তাহ/পঞ্চকালব্যাপী ‘পরিচ্ছন্নতা ও মশক নিধন কার্যক্রম’ পরিচালনা এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠান, সকল সরকারি-বেসরকারি দপ্তর/কার্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ব্যবসা প্রতিষ্ঠান, পেশাজীবী সংগঠন, সামাজিক সংগঠন, যুব সংগঠন, শ্রমিক সংগঠন ও সর্বস্তরের জনগণকে এ কার্যক্রমে সম্পৃক্তকরণের বিষয়ে নির্দেশনা রয়েছে।


২। এ বছর ঢাকাসহ দেশের সর্বত্র ডেঙ্গুরোগের সংক্রমণ দেখা দিয়েছে। এ পরিপ্রেক্ষিতে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইউনিসেফ এর সহায়তায় দেশের ৬৪ জেলায় “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” পালন ও প্রচারাভিযান পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। অদ্য ১৯.১০.২০২৩ তারিখ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম, এমপি জাতীয় পর্যায়ে “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” এর উদ্বোধন করেছেন।

৩। কর্মসূচির আওতায় ১৯.১০.২০২৩ তারিখ হতে ০৪.১১.২০২৩ তারিখ পর্যন্ত জেলা পর্যায়ে উদ্বোধনী অনুষ্ঠানসহ সপ্তাহব্যাপী জেলার সর্বত্র ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম পরিচালনা করা হবে। “ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে জাতীয় নির্দেশিকা” অনুযায়ী এ কর্মসূচিতে সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে। পরিচ্ছন্নতা অভিযানে জেলার হট-স্পটসমূহে এডিস মশার প্রজননস্থল সনাক্ত ও নির্মূলসহ ঘর-বাড়ি ও প্রতিষ্ঠান পরিদর্শন করে সকলকে সচেতন করা হবে। জেলা প্রশাসকগণ বর্ণিত নির্দেশিকা অনুযায়ী ‘জেলা পর্যায়ে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সমন্বয় কমিটির’ সভা করে জেলাব্যাপী “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” পালনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবেন।

৪। প্রচারাভিযান চলাকালীন বর্ণিত নির্দেশিকার ১২ ও ১৪ অনুলিপি অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামূলক কর্মসূচি গ্রহণ করে প্রতিষ্ঠানের চারপাশে এডিস মশার প্রজননস্থল বিনষ্ট করাসহ ছাত্র-ছাত্রীদের এ বিষয়ে সচেতন করা এবং তাদের নিজস্ব বাসগৃহে এডিস মশার প্রজননস্থল ধ্বংসে উদ্বুদ্ধ করা হবে।

৫। এ প্রচারাভিযানে ইউনিসেফ, বাংলাদেশ সহযোগিতা প্রদান করছে। উল্লেখ্য, জেলা পর্যায়ে প্রচারাভিযান পরিচালনার জন্য ইউনিসেফ কর্তৃক একটি ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম নিয়োগ করা হয়েছে। স্থানীয় ইউনিসেফ প্রতিনিধি ও ইভেন্ট ম্যানেজমেন্ট ফার্ম জেলা প্রশাসকগণ-এর সাথে যোগাযোগপূর্বক “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ” পালনে সহায়তা প্রদান করবে। এছাড়া, এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য জনার জন্য মোঃ মনিরুল আলম, ওয়াশ স্পেশালিস্ট, ইউনিসেফ, ঢাকা, ফোন-০১৭১৪১০৮২৩৩, ইমেইল-malam@unicef.org এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

৬। এমতাবস্থায়, জেলা পর্যায়ে “ডেঙ্গু প্রতিরোধে পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২৩” পালন-এর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৯.১০.২০২৩

মোঃ এমদাদুল হক চৌধুরী

যুগ্মসচিব

ফোন: ৫৫১৩০৭৫৬

ই-মেইল: psbr@lgd.gov.bd

বিতরণ-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক (সকল)

২। জেলা শিক্ষা অফিসার (সকল)

৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

অধ্যক্ষের কার্যালয়

পত্র প্রাপ্তি নং: ৫২২২/২৬ তারিখ: ২২/১০/২৩

উপাধ্যক্ষ

* বিভাগীয় প্রধান

* সম্পাদক (শিঃ পঃ)

* আহ্বায়ক

..... কমিটি


* BNCC/রোগের স্কট

* শরীর চর্চা শিক্ষক

* প্রধান সহকারী/হিসাব রক্ষক

* তত্ত্ব ও পরীক্ষা শাখা

* জনাব.....


অধ্যক্ষ ২২/১০/২৩

আব্দুল মোব্বিন কলেজ, ময়মনসিংহ।